

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম।

উত্তম চর্চার শিরোনাম: সংস্থার জাহাজ বহরকে ধারাবাহিকভাবে অপারেশনাল কাজে নিয়োজিত রাখা।

১। পটভূমি ও প্রেক্ষাপট বিশ্লেষণ (situation analysis):

স্বাধীন বাংলাদেশের একটি শক্তিশালী আন্তর্জাতিক নৌবাণিজ্যের সহায়ক পরিবহন সংস্থা গড়ে তোলার লক্ষ্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারী বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠা করেন। এ কর্পোরেশন প্রতিষ্ঠার মূখ্য উদ্দেশ্য আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করা এবং বাংলাদেশের আমদানী ও রপ্তানী পণ্য নিজেস্ব জাহাজ বহর দ্বারা পরিবহন করা।

বিএসসি'র জাহাজ বহরে জাহাজ সমূহ অতীব পুরাতন হওয়ায় বিদেশী বন্দরে Port state control (psc) আন্তর্জাতিক বিধিবিধানের কারণে দক্ষিণ এশিয়া ছাড়া প্রায় অধিকাংশ দেশের বন্দরে ২০ বছরের অধিক বয়সের জাহাজ প্রবেশের বিধি নিষেধ, অধিকতর মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়, বন্দরে প্রবেশের নিষেধাজ্ঞা থাকায় পণ্য পরিবহণে সীমাবদ্ধতার কারণে ভাড়ার অভাবে অপারেশনে নিয়োজিত করা সম্ভব হত না বিধায় চট্টগ্রাম বন্দরের বহিঃনোঙ্গরে অলস সময় অতিবাহিত করত। ফলে বিএসসি অপারেশনাল লোকসান হতো।

বিএসসি বহরে পুরানো জাহাজসমূহ ক্ষয় হিঁসেবে বিক্রি করে সম্প্রতি নতুন ৬টি জাহাজ যুক্ত হওয়ায় বিএসসি'র জাহাজের সংখ্যা ৮টি। ৬টি জাহাজ বহরে যুক্ত হওয়ার পূর্বে বিএসসি'র কার্গো পরিবহন ক্ষমতা ছিল আনুমানিক ২৯০০০ মেঃটন বর্তমানে তা এসে দাঁড়িয়েছে আনুমানিক ২৬৩০০০ মেঃটনে। এমতাবস্থায় কাজের পরিধিও বেড়েছে ব্যাপকভাবে, পাশাপাশি বিএসসি'র আগের জাহাজ সমূহ বাংলাদেশ সমুদ্রসীমায় অপারেশনাল কার্যক্রম পরিচালনা করত কিন্তু নতুন জাহাজ বহরে যুক্ত হওয়ায় তা সমগ্র বিশ্বজুড়ে পরিচালিত হচ্ছে। এতে করে বিএসসি'র অপারেশনাল কার্যক্রমও বেড়েছে প্রায় কয়েক গুণ। বিধায় এ কর্পোরেশন যে কয়টি উত্তম চর্চা প্রস্তাব করেছে তন্মধ্যে “সংস্থার জাহাজ বহরকে ধারাবাহিক অপারেশনাল রাখা” এটি অন্যতম। কেননা সংস্থার জাহাজ সমূহ ধারাবাহিকভাবে অপারেশনাল থাকলে বানিজ্যিক এ সংস্থা আর্থিকভাবে লাভবান হবে।

২। সামর্থ, দুর্বলতা, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ:

সামর্থঃ

- ক) জাহাজ ব্যবসায় আন্তর্জাতিক পরিমন্ডলে সুপরিচিত।
- খ) বহরে নতুন ৬টি (৩টি বান্ধ ও ৩টি প্রোডাক্ট) জাহাজ যুক্ত হওয়ায় বিশ্বব্যাপী জাহাজ অপারেশনাল রাখা
- গ) রাষ্ট্রীয় পতাকাবাহী জাতীয় সংস্থা হিসাবে সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগীতা।



দুর্বলতাঃ

- ক) জাহাজ সম্পর্কিত পর্যাপ্ত আইটি সুবিধা না থাকা।
- খ) ২৮ বছরের অধিক পুরানো জাহাজ বহরে পরিচালনা করা।
- গ) পর্যাপ্ত দক্ষ জনবল না থাকা।
- ঘ) জাহাজ পরিচালনায় আধুনিক জাহাজ ম্যানেজমেন্ট সফটওয়্যার, ক্রু ম্যানেজমেন্ট সফটওয়্যার, কার্গো ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং ইআরপি সফটওয়্যার না থাকা।
- ঙ) PSC সহ আন্তর্জাতিক বিধি বিধানের কারণে ভাড়ার অভাবে ধারাবাহিকভাবে অপারেশনে নিয়োজিত রাখতে না পারা।

সুযোগঃ

- ক) জাহাজের মিশ্র বহর বৃদ্ধি করা।
- খ) ব্যবসার পরিধি বৃদ্ধি করা।
- গ) রাষ্ট্রীয় গ্যারান্টির আওতায় জাহাজ ক্রয় এর সুবিধা।
- ঘ) জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে আমদানি রপ্তানি পণ্যের ৫০ ভাগ পণ্য পরিবহনে অগ্রাধিকার প্রাপ্ত।
- ঙ) দেশীয় বন্দরে জাহাজের বার্ষিক অগ্রাধিকার।

ঝুঁকিঃ

- ক) জাহাজ ব্যবসায় জাহাজ ভাড়া প্রতিনিয়ত উঠা-নামা করা।
- খ) অধিক মূলধন জাতীয় বিনিয়োগ সম্পর্কিত ব্যবসা।
- গ) জাহাজ ব্যবসায় অর্থনৈতিক মন্দা বিদ্যমান থাকা।
- ঘ) পারস্পারিক দেশের বাণিজ্যিক যুদ্ধের কারণে পণ্য পরিবহন হ্রাস।
- ঙ) IMO কর্তৃক নতুন নতুন রেগুলেশন পালনে বাধ্যবাধকতা।

৩। উত্তম চর্চার অনুসরণের যৌক্তিকতাঃ আন্তর্জাতিক পরিমন্ডলে দক্ষ শিপিং সেবা প্রদান এবং দেশের আমদানী রপ্তানী নিজস্ব বহর দ্বারা পরিবহনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশের অর্থনীতি গতিশীল রাখা, দক্ষ জনবল সৃষ্টি, কর্মসংস্থান এবং দেশের খাদ্য ও জ্বালানী নিরাপত্তার নিশ্চয়তা বিধান করার পাশাপাশি বাণিজ্যিক সংস্থা হিসেবে আর্থিক ক্ষতি কাটিয়ে লাভজনক সংস্থায় পরিণত হওয়া।


৪। উত্তম চর্চার অনুসরণের লক্ষ্যে গৃহীত কৌশল (Strategy Adopted):

- ক) জাহাজ পরিচালনায় আধুনিক জাহাজ ম্যানেজমেন্ট সফটওয়্যার, ক্রু ম্যানেজমেন্ট সফটওয়্যার কার্গো ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং ইআরপি সফটওয়্যার স্বচ্ছতার ভিত্তিতে প্রকিউরমেন্ট এর ব্যবস্থা করা।
- খ) যথাযথ প্রফেশনাল দক্ষ জনবল নিয়োগ প্রক্রিয়াধীন।
- গ) অধিক পুরানো জাহাজসমূহকে প্রতিস্থাপন কল্পে ৬ টি (৩টি বান্ধ ও ৩টি প্রোডাক্ট) নতুন জাহাজ বহরে যুক্ত করা হয়েছে।



৫। প্রভাব/ফলাফলঃ সংস্থার জাহাজসমূহকে ধারাবাহিকভাবে অপারেশনে নিয়োজিত রাখার ফলে বিশ্বব্যাপী বিএসসি'র সুনাম ছড়িয়ে পড়ছে। MLO (Main line operator) নিকট পণ্য পরিবহনের আস্থা বৃদ্ধি পাচ্ছে, ফলশ্রুতিতে ব্যবসায়িক কার্যক্রমও বৃদ্ধি পেয়ে অপারেশনাল প্রফিট হচ্ছে।

৬। অন্য কর্পোরেশন/কোম্পানীতে উত্তম চর্চা ব্যবহারের সুযোগ(Scalability): সমগোত্রীয় অর্থাৎ নৌ-পথে বাণিজ্য আছে এমন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিএসসির প্রস্তাবিত উত্তম চর্চাটি অনুসরণ করলে সামগ্রিকভাবে লাভবান হতে পারে মর্মে প্রতীয়মান।


14/10/19.

(মোঃ আমিনুল ইসলাম)
সংমঃব্যঃ(অপাঃ) ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা

for: 
-১৪/১০/২০১৯
নির্বাহী পরিচালক(বাণিজ্য ও প্রযুক্তি)